# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১০০. একই দিনে কোন ফরয নামায দু’ বার পড়া

মাইমূনাহ্ (রাযিয়াল্লাহু আনহা) এর আযাদ করা গোলাম সুলাইমান (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি বলেন: একদা আমি আব্দুল্লাহ্ বিন্ ’উমর (রাযিয়াল্লাহু আনহুমা) কে মসজিদের মেঝে বসে থাকতে দেখলাম ; অথচ অন্যরা সবাই জামাতে নামায পড়ছে। তখন আমি বললাম: হে আব্দুর রহমানের পিতা! আপনি সবার সাথে নামায পড়ছেন না কেন ? উত্তরে তিনি বললেন: আমি ইতিপূর্বে উক্ত নামাযটি পড়েছি। আমি রাসূল (সা.) কে বলতে শুনেছি রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تُعَادُ الصَّلاَةُ فِيْ يَوْمٍ مَرَّتَيْنِ

“একই দিনে কোন (ফরয) নামায দু’ বার পড়া যায় না”।[1]

তবে কেউ কোন ফরয নামায পড়ার পর অন্যদেরকে উক্ত নামায জামাতে পড়তে দেখলে তাদের সাথে নফলের নিয়্যাতে দাঁড়িয়ে যাবে।

একদা মি’হজান (রা.) রাসূল (সা.) এর সাথে বসা ছিলেন। এমতাবস্থায় নামাযের আযান হয়ে গেলো। রাসূল (সা.) সেখান থেকে উঠে গিয়ে নামায শেষ করে এসে দেখলেন, মি’হজান (রা.) সেখানেই বসে আছেন। তখন তিনি তাঁকে বললেনঃ তুমি নামায পড়লে না কেন ? তুমি কি মুসলমান নও? তিনি বললেন: অবশ্যই আমি মুসলমান। তবে আমি নিজ এলাকায় নামায পড়ে এসেছি। তখন রাসূল (সা.) বললেন:

إِذَا جِئْتَ فَصَلِّ مَعَ النَّاسِ وَإِنْ كُنْتَ قَدْ صَلَّيْتَ

“যখন তুমি এমতাবস্থায় আসবে তখনও তুমি মানুষের সাথে নামায পড়বে। যদিও তুমি ইতিপূর্বে নামায পড়ে থাকো”।[2]

>

ফুটনোট

[1] (নাসায়ী, হাদীস ৮৬২)

[2] (নাসায়ী, হাদীস ৮৫৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11350

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন